তারিখ 11 MAR 2015
পৃষ্ঠা ২ ৩ কলাম ২

কালের কণ্ঠ

## হরতাল বাড়ায় আজকের

▶▶ শেষ পৃষ্ঠার পর

ছিল না।

গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ১১ মার্চ বুধবার অনুষ্ঠিতব্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত করা হলো। এ পরীক্ষার সময়সূচি পরবর্তী সময়ে জানানো হবে। এ ছাড়া গত ৩ মার্চ স্থগিত করা এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২০ মার্চ শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা এবং ৪ মার্চের স্থগিত করা এসএসসি ও সমমানের পরীক্ষা ২১ মার্চ শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

পূর্ব ঘোষণা অনুযায়ী গত ১২ ফেব্রুয়ারির পরীক্ষা ১৩ মার্চ শুক্রবার এবং ১ মার্চের পরীক্ষা ১৪ মার্চ শনিবার অনুষ্ঠিত হবে। গতকাল ৩ ও ৪ মার্চের পরীক্ষার নতুন তারিখ ঘোষণা হয়েছে। এখনো ৮, ১০ ও ১১ মার্চের স্থগিত পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়নি।

জোটের পক্ষে গতকাল পাঠানো এক বিবৃতিতে বিএনপির যুগ্ম মহাসচিব সালাহ উদ্দিন আহমেদ বলেন, গণদাবি মেনে না নিলে আগামী রবিবার থেকে আবারও হরতালসহ আরো কঠোর কর্মসূচির ডাক দেওয়া হবে। এদিকে ১২ ঘণ্টা হরতাল শিথিল করার পর আবার ৪৮ ঘণ্টা বাড়ানো হয়েছে। আগের ঘোষণা অনুযায়ী আজ সকাল ৬টায় হরতাল শেষ হওয়ার কথা থাকলেও তা শেষ হবে শুক্রবার সকাল ৬টায়। এ ছাড়া আগামীকাল বৃহস্পতিবার সারা দেশে সব জেলা, উপজেলা, পৌরসভা ও থানা পর্যায়ে এবং সব মহানগরের ওয়ার্ডে ওয়ার্ডে গণমিছিল অনুষ্ঠিত হবে।

**সালাহ উদ্দিনের দাবি, সরকার অগণতান্ত্রিক শক্তিকেই আহ্বান জানাচ্ছে :** সালাহ উদ্দিন বলেন, 'নাগরিক ও রাজনৈতিক অধিকারের বিনিময়ে আওয়ামী লীগ শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে বন্দুকের নলের মধ্যেই রাজনৈতিক সংকটের সমাধান খুঁজছে। কম গণতন্ত্র, উন্নয়ন বেশি এবং আগে উন্নয়ন, পরে গণতন্ত্র ইত্যাদি আইয়ুব খান মডেলের আওয়ামী চর্চায় দেশে গণতন্ত্র ও উন্নয়ন দুটিই অস্তিত্ব সংকটে পড়েছে।' তিনি বলেন, 'নিয়মতান্ত্রিক ও গণতান্ত্রিক পন্থায় আন্দোলনের সব পথ বন্ধ করে দিয়ে সরকার প্রকারান্তরে অগণতান্ত্রিক শক্তিকেই আহ্বান জানাচ্ছে। দেশের সচেতন মহল বিশ্বাস করে, আওয়ামী লীগ অবৈধ ক্ষমতা ও দুঃশাসন প্রলম্বিত করার লক্ষ্যেই জঙ্গিবাদের জুজুর ভয় দেখাচ্ছে দেশবাসী ও আন্তর্জাতিক মহলকে। দেশে জঙ্গিবাদের কৃত্রিম জন্মদাতাই আওয়ামী লীগ।'

# হরতাল বাড়ায় আজকের পরীক্ষা স্থগিত

## কাল ২০ দলের গণমিছিল

নিজস্ব প্রতিবেদক ▷

বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোট আবারও হরতালের সময় বাড়ানোর ঘোষণা দেওয়ায় আজ বুধবারের মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষা স্থগিত করা হয়েছে। পাশাপাশি এসএসসি ও সমমানের দুটি স্থগিত পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। আজ অবশ্য এসএসসির কোনো পরীক্ষা

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১